দৈনিক ইনকিলাব

তারিখ ...01 DEC 1998... ...
পৃষ্ঠা 22 কলাম ৩......

# আজ থেকে ৫ম ঢাকা বইমেলা

**স্টাফ রিপোর্টার ঃ** ৫ম ঢাকা বইমেলা আজ থেকে রাজধানীর শেরে বাংলা নগর জিয়া উদ্যানে শুরু হচ্ছে। জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত পক্ষকালব্যাপী এই বইমেলার উদ্বোধন হবে আজ বিকেল ৪টায়। ইতিমধ্যেই বইমেলার যাবতীয় প্রস্তুতিমূলক কাজ প্রায় সম্পন্ন হয়েছে। কমপক্ষে ২৫টি বই প্রকাশকারী ৯৩টি দেশীয় সৃজনশীল প্রকাশনা সংস্থা এবারের মেলায় অংশগ্রহণ করছে। এদের ৯৩টি স্টল ছাড়া আরো ৫টি প্যাভিলিয়নও স্থাপন করা হয়েছে মেলায়। বইমেলায় প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান, চলচ্চিত্র প্রদর্শনী, লেখক-পাঠক মুখোমুখি সওয়াল-জওয়াব, লোকজ সঙ্গীতের অনুষ্ঠান এবং শিশু-কিশোরদের বিশেষ অনুষ্ঠান থাকবে।